এবং আল্লাহ্র পথে বাধা সৃষ্টি করে; যারা স্বর্ণ ও রৌপ্য সঞ্চিত করে রাখে, আল্লাহ্র পথে ব্যয় করে না,

يُنفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ ۙ فَبَشِّرْهُم بِعَذَابٍ أَلِيمٍ ۝٣٥ يَوْمَ يُحْمَىٰ عَلَيْهَا فِي نَارِ

ইয়ুন্ফিক্বূনাহা-ফী সাবীলিল্লা-হি ফাবাশ্শির্হুম্ বি'আযা-বিন্ আলীম্। ৩৫। ইয়াওমা ইয়ুহ্মা-'আলাইহা- ফী না-রি

আপনি তাদেরকে মর্মন্তুদ শাস্তির সুসংবাদ দিন। (৩৫) ঐ দিন তা জাহান্নামের আগুনে গরম করে দাগ দেয়া হবে

শানেনুযূলঃ আয়াত-৩৪ঃ অনেকের মতে এই আয়াত ইহুদী-খৃষ্টানদের উদ্দেশে নযিল হয়েছে। হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, আয়াতটি মুসলমানদের মধ্যে যারা যাকাত এবং অন্যান্য আর্থিক দেনা পাওনাসমূহ আদায় করে না তাদের উদ্দেশে নাযিল হয়েছে। হযরত আবু যর (রাঃ) বলেন, আয়াতটি যারা যাকাত আদায় করে না তাদের সম্বন্ধে নাযিল হয়েছে , চাই তারা হউক মুসলমান অথবা অমুসলমান আহ্লে কিতাবী । বর্ণিত আছে যে, হযরত আবু যর (রাঃ) ও হযরত মু'আবিয়া (রাঃ)-এর মধ্যে এ আয়াতটি সম্বন্ধে বিতর্ক হয়েছিল। হযরত মু'আবিয়া (রাঃ) এর মতে, আয়াতটি আহ্লে কিতাব সম্বন্ধে নাযিল হয়েছে, আর হযরত আবু যর (রাঃ)-এর মতে মুসলমান ও আহ্লে কিতাব উভয়ের সম্বন্ধেই অবতীর্ণ হয়েছে।

جَهَنَّمَ فَتُكْوٰى بِهَا جِبَاهُهُمْ وَجُنُوْبُهُمْ وَظُهُوْرُهُمْ ؕ هٰذَا مَا كَنَزْتُمْ

জ্বাহান্নামা ফাতুক্ওয়া- বিহা-জিবা-হুহুম্ অজ্বুনূ বুহুম্ অ জুহূরুহুম্; হা-যা- মা- কানায্তুম্
তাদের কপালে, পাজরে ও পিঠে। বলা হবে, এগুলো সেই সঞ্চিত সম্পদ; যা সঞ্চিত করে রেখেছিলে। সুতরাং

لِاَنْفُسِكُمْ فَذُوْقُوْا مَا كُنْتُمْ تَكْنِزُوْنَ ﴿٣٦﴾ اِنَّ عِدَّةَ الشُّهُوْرِ عِنْدَ اللّٰهِ

লিআন্ফুসিকুম্ ফাযূক্বূ মা-কুন্তুম্ তাক্নিযূন্। ৩৬। ইন্না 'ইদ্দাতাশ্ শুহূরি 'ইন্দাল্লা-হিছ্
তোমরা যা জমা করে রাখতে তারই স্বাদ গ্রহণ কর। (৩৬) নিশ্চয়ই আল্লাহ্র কাছে গণনার মাস বারটি, যা সুনির্দিষ্ট

اثْنَا عَشَرَ شَهْرًا فِيْ كِتٰبِ اللّٰهِ يَوْمَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ مِنْهَآ اَرْبَعَةٌ

না- 'আশারা শাহ্রান্ ফী কিতা-বিল্লা-হি ইয়াওমা খলাক্বাস্ সামাওয়া-তি অল্ আর্দ্বোয়া মিন্হা ~ আর্বা'আতুন্
রয়েছে আল্লাহর কিতাবে সেদিন থেকে যেদিন তিনি আসমান যমীন সৃষ্টি করেছেন। তন্মধ্যে চারটি মাস নিষিদ্ধ;

حُرُمٌ ؕ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ ۙ۬ فَلَا تَظْلِمُوْا فِيْهِنَّ اَنْفُسَكُمْ وَقَاتِلُوا

হুরুম্; যা-লিকাদ্দীনুল্ ক্বাইয়্যিমু ফালা-তাজ্লিমূ ফীহিন্না আন্ফুসাকুম্ অক্বা-তিলুল্
এটাই সত্য ব্যবস্থা; এগুলোর ব্যাপারে তোমরা নিজেদের প্রতি অন্যায় করো না, মুশরিকদের সাথে পূর্ণ যুদ্ধ কর

الْمُشْرِكِيْنَ كَآفَّةً كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَآفَّةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ۞

মুশ্রিকীনা কা — ফ্ফাতান্ কামা-ইয়ুক্বা-তিলূনাকুম্ কা — ফ্ ফাহ্; অ'লামূ ~ আন্নাল্লা-হা মা'আল্ মুত্তাক্বীন্।
সমবেতভাবে, যেমন তারাও সম্মিলিতভাবে তোমাদের সাথে যুদ্ধ করে; আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সঙ্গে আছেন।

﴿٣٧﴾ اِنَّمَا النَّسِيْٓءُ زِيَادَةٌ فِي الْكُفْرِ يُضَلُّ بِهِ الَّذِيْنَ كَفَرُوْا يُحِلُّوْنَهٗ عَامًا

৩৭। ইন্নামান্ নাসী — য়ু যিয়া-দাতুন্ ফীল্ কুফ্রি ইয়ুদ্বোয়াল্লু বিহিল্লাযীনা কাফারূ-ইয়ুহিল্লূনাহূ 'আ-মাওঁ অইয়ুহার্রিমূনাহূ 'আ-মাল্
(৩৭) মাসকে পিছান বাড়তি কুফুরী। যা দিয়ে কাফেরদেরকে বিভ্রান্ত করা হয়, তাকে কোন বছর বৈধ করে ও কোন

وَّيُحَرِّمُوْنَهٗ عَامًا لِّيُوَاطِـُٔوْا عِدَّةَ مَا حَرَّمَ اللّٰهُ فَيُحِلُّوْا مَا حَرَّمَ اللّٰهُ ؕ زُيِّنَ لَهُمْ

লিইয়ুওয়া-ত্বিয়ূ 'ইদ্দাতা মা-হার্রামাল্লা-হু ফাইয়ুহিল্লূ মা-হার্রামাল্লা-হ্; যুইয়্যিনা লাহুম্
বছর অবৈধ করে; যেন আল্লাহ্র হারাম মাসের গণনা ঠিক থাকে, আর আল্লাহ্র হারামকে হালাল করতে পারে।

৫ ع ৮ ১১ রুকূ

سُوْٓءُ اَعْمَالِهِمْ ؕ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٣٨﴾ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا

সূ — য়ু আ'মা-লিহিম্; অল্লা-হু লা-ইয়াহ্দিল্ ক্বওমাল্ কা-ফিরীন্। ৩৮। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ
মন্দ কাজই তাদের কাছে শোভনীয়। আর আল্লাহ্ কাফেরদেরকে সৎপথ দেখান না। (৩৮) হে মু'মিনরা!

শানেনুযূল ঃ আয়াত-৩৭ ঃ চন্দ্র মাসসমূহ সাধারণত ঃ মৌসুম হিসাবে পরিবর্তন হতে থাকে। ফলে মাসগুলো ছয় ঋতুতে ঘুরে ঘুরে আসত। কোন সময় এমনও হয়, নিরাপত্তা ও সম্মানিত মর্যাদাবান চারি মাসের কোন মাসে তাদের পারস্পরিক যুদ্ধের সময় তদানীন্তন মুশরিকরা আপন খেয়াল-খুশী মত ঐসব মাসকে অগ্রপশ্চাত করেদিত, মুহর্‌রম মাসকে সফর মাস বানিয়ে দিত এবং ঘোষণা করে দিত যে, এ বছর সফর মুহর্‌রমের আগে হবে। এরূপ টালবাহানা করে বরাবরই হারাম মাসসমূহে যুদ্ধ করে যেত। এ পরিপ্রেক্ষিতে আয়াতটি নাযিল হয়।
আয়াত-৩৮ ঃ নবম হিজরীতে আরবের খৃষ্টানেরা রোমের বাদশাহ হিরাক্লিয়াসের নিকট এই মর্মে পত্র লিখল যে, "নবুওয়তের দাবীদার মুহাম্মদের (ছঃ) মৃত্যু ঘটেছে, তাঁর অনুচরবৃন্দকে অভাবে দুর্বল করে রেখেছে।" এই গুজবের উপর ভিত্তি করে রোম সম্রাটের আরব রাষ্ট্র করায়ত্ব করার সাধ

مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ ط

মা-লাকুম্ ইযা-ক্বীলা লাকুমুন্ ফিরূ ফী সাবীলিল্লা-হিছ্ ছা-ক্বল্তুম্ ইলাল্ আর্দ্ব্;
তোমাদের কি হল, আল্লাহ্র পথে তোমাদেরকে বের হতে বললে তোমরা যমীনের প্রতি ঝুঁকে পড়?

أَرَضِيتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْآخِرَةِ ۚ فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ

আরাদ্বীতুম্ বিল্হাইয়া-তি দ্দুন্ইয়া-মিনাল্ আ-খিরতি ফামা- মাতা-উ'ল্ হাইয়া-তিদ্দুন্ইয়া- ফিল্ আ-খিরতি
তবে কি তোমরা পরকালের স্থলে দুনিয়ার জীবনেই সন্তুষ্ট অথচ পরকালের তুলনায় ইহকালীন জীবন বড়ই

إِلَّا قَلِيلٌ ﴿٣٨﴾ إِلَّا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ

ইল্লা-ক্বালীল্। ৩৯। ইল্লা-তান্ফিরূ ইয়ু'আয্যিব্কুম্ 'আযা-বান্ 'আলীমাঁও অ ইয়াস্তাব্দিল্ ক্বওমান্ গইরকুম্ ;
নগণ্য। (৩৯) তোমরা অভিযানে বের না হলে ভীষণ শাস্তি দিবেন এবং অন্য জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন;

وَلَا تَضُرُّوهُ شَيْئًا ۗ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٣٩﴾ إِلَّا تَنْصُرُوهُ فَقَدْ نَصَرَهُ

অলা-তাদ্বুর্রূহু শাইয়া-; অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বদীর্। ৪০। ইল্লা- তান্ছুরূহু ফাক্বদ্ নাছোয়ারাহু
আর তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না, আল্লাহ সর্বশক্তিমান। (৪০) তোমরা সাহায্য না করলেও আল্লাহ

اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ

ল্লা-হু ইয্ আখ্রজাহুল্লাযীনা কাফারূ ছা-নিয়াছ্ নাইনি ইয্ হুমা-ফিল্ গ-রি ইয্ ইয়াক্বূলু
তাঁকে সাহায্য করেছেন, যখন কাফেররা তাঁকে বহিষ্কার করেছিল, আর গুহাতে তিনি ছিলেন দুজনের একজন, যখন

لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا ۚ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ

লিছোয়া-হিবিহী লা-তাহ্যান্ ইন্নাল্লা-হা মা'আনা- ফাআন্যালাল্লা-হু সাকীনাতাহূ 'আলাইহি অআইয়্যাদাহূ
তাঁরা উভয়ে গুহায় ছিলেন তখন সাথীকে বলেছেন; চিন্তা করো না, নিশ্চয়ই আল্লাহ আমাদের সঙ্গে রয়েছেন। আল্লাহ তাঁকে প্রশান্তি দিলেন এবং তাঁকে

بِجُنُودٍ لَمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَكَلِمَةُ اللَّهِ هِيَ

বিজুনূদিল্ লাম্তারাওহা-অজ্বা'আলা কালিমাতাল্লাযীনা কাফারুস্ সুফ্লা-অকালিমাতু ল্লা-হি হিয়াল্
শক্তি দান করলেন এমন এমন সেনাবাহিনী দিয়ে যা তোমরা দেখনি। আল্লাহ অবিশ্বাসীদের কথা নিচু করে দিলেন এবং আল্লাহ্র

الْعُلْيَا ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴿٤٠﴾ انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ

'উল্ইয়া-; অল্লা-হু 'আযীযুন্ হাকীম্। ৪১। ইন্ফিরূ খিফা-ফাঁও অছিক্বা-লাঁও অ জ্বা-হিদূ বিআম্ওয়া-লিকুম্
বাণীই সুউচ্চ। আল্লাহ বিজয়ী, কৌশলী। (৪১) হালকা অথবা ভারি (রণশম্ভার) অবস্থায় বের হও এবং জান-মাল দিয়ে

হল এবং নিজের বিশেষ অন্তরঙ্গদের নেতৃত্বে চল্লিশ হাজার সৈন্য আরবের দিকে রওয়ানা করল। রাসূল (ছঃ) এই সংবাদ পেয়ে হযরত আলী (রাঃ)- কে আহ্লে বাইতের অর্থাৎ আপন পরিবার পরিজনদের উপর তত্ত্বাবধায়ক এবং হযরত ইবনে উম্মে মক্তুমকে ইমাম মনোনীত করে তদভিমুখে যাত্রা করলেন। তখন তাপমাত্রা এত উষ্ণ হয়েছিল, যেন অগ্নিস্ফুলিঙ্গ বিচ্ছুরিত হচ্ছিল এবং যাত্রাও ছিল অতি দূর-পাল্লার, আর শত্রুও ছিল শক্তিশালী, জীবিকার উপাদান অর্থাৎ খেজুর ইত্যাদি ফসল কাটার সময়ও সমাগত। তদুপরি মক্কা বিজয় ও হুনাইন যুদ্ধের অবসানও হয়েছিল সবেমাত্র। এসব কিছুর পরিপ্রেক্ষিতে মুনাফিকরা নানা টাল-বাহানা আরম্ভ করে দিল এবং কতিপয় মুসলমানও ভীত-সন্ত্রস্ত হল। তখন মুসলমানদেরকে উদ্যোগী ও উৎসাহিত করে তোলার জন্য আল্লাহ্ তা'আলা এ আয়াতটি নাযিল করেন।

وَأَنفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ۚ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ ﴿٤٢﴾ لَوْ كَانَ

অ আন্‌ফুসিকুম্ ফী সাবীলি ল্লা-হ্; যা-লিকুম খইরুল্লাকুম্ ইন্ কুন্‌তুম্ তা'লামূন। ৪২। লাও কা-না

আল্লাহ্‌র পথে সংগ্রাম কর; এটাই তোমাদের জন্য কল্যাণ যদি তোমরা বুঝ। (৪২) আশু লাভ

عَرَضًا قَرِيبًا وَسَفَرًا قَاصِدًا لَّاتَّبَعُوكَ وَلَٰكِن بَعُدَتْ عَلَيْهِمُ الشُّقَّةُ ۚ

'আরাদ্বোয়ান্ কারীবাঁও অসাফারান ক্ব-ছিদাল্ লাত্তাবাঊ'কা অলা-কিম্ বা'উদাত্ 'আলাইহিমুশ্ শুক্ব্‌ক্বাহ্;

ও সফর সহজ হলে তারা অবশ্যই আপনার অনুসরণ করত, কিন্তু তাদের কাছে দুরত্ব কঠিন হল; তারা আল্লাহ্‌র

وَسَيَحْلِفُونَ بِاللَّهِ لَوِ اسْتَطَعْنَا لَخَرَجْنَا مَعَكُمْ يُهْلِكُونَ أَنفُسَهُمْ ۚ وَاللَّهُ

অসাইয়াহ্‌লিফূনা বিল্লা-হি লাওয়িস্‌তাত্বোয়া'না- লাখারাজ্‌না- মা'আকুম্ ইয়ুহ্‌লিকূনা আন্‌ফুসাহুম্ অল্লা-হু

নামে শপথ করে বলবে; সাধ্য থাকলে অবশ্যই আমরা বের হতাম'। এরা নিজেরাই ধ্বংস করে; আল্লাহ

ع ৫ ১২ রুকু ৬

يَعْلَمُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿٤٣﴾ عَفَا اللَّهُ عَنكَ لِمَ أَذِنتَ لَهُمْ حَتَّىٰ يَتَبَيَّنَ لَكَ

ইয়া'লামু ইন্নাহুম্ লাকা-যিবূন্। ৪৩। 'আফাল্লা-হু 'আন্‌কা লিমা আযিন্‌তা লাহুম্ হাত্তা-ইয়াতাবাইয়্যানা লাকাল্

জানেন, এরা মিথ্যাবাদী। (৪৩) আল্লাহ আপনাকে ক্ষমা করলেন, আপনি কেন তাদের অনুমতি দিলেন, কারা সত্যবাদী ও

الَّذِينَ صَدَقُوا وَتَعْلَمَ الْكَاذِبِينَ ﴿٤٤﴾ لَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ يُؤْمِنُونَ بِاللَّهِ

লাযীনা ছদাক্বূ অ তা'লামাল্ কা-যিবীন। ৪৪। লা-ইয়াস্‌তা''যিনুকাল্লাযীনা ইয়ু''মিনূনা বিল্লা-হি

কারা মিথ্যাবাদী তা না জানা পর্যন্ত? (৪৪) আপনার কাছে অব্যাহতি চায় না। আল্লাহ ও পরকালে

وَالْيَوْمِ الْآخِرِ أَن يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ بِالْمُتَّقِينَ ﴿٤٥﴾

অল্‌ইয়াওমিল্ আ-খিরি আঁই ইয়ুজ্বা-হিদূ বিআম্‌ওয়া-লিহিম্ অ আন্‌ফুসিহিম্; অল্লা-হু 'আলীমুম্ বিল্‌মুত্তাক্বীন্।

বিশ্বাসীরা নিজেদের মাল ও জান দিয়ে জিহাদ করার ব্যাপারে,মুত্তাকীদেরকে আল্লাহ জানেন।

إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَارْتَابَتْ

৪৫। ইন্নামা-ইয়াস্‌তা''যিনুকাল্ লাযীনা লা-ইয়ু''মিনূনা বিল্লা-হি অল্ ইয়াওমিল্ আ-খিরি অর্‌তাবাত্

(৪৫) তারাই আপনার কাছে অব্যাহতি চায়, যারা ঈমান রাখে না আল্লাহর প্রতি ও পরকালের প্রতি এবং

قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ ﴿٤٦﴾ وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ

ক্বুলূবুহুম্ ফাহুম্ ফী রইবিহিম্ ইয়াতারদ্দাদূন্। ৪৬। অলাও আর-দুল্ খুরূজ্বা লাআ'আদ্দূ লাহূ

তাদের অন্তর সন্দিহান, ফলে তারা সন্দেহে উদ্বিগ্ন। (৪৬) তাদের যুদ্ধে যাবার ইচ্ছা থাকলে তজ্জন্য কিছু প্রস্তুতি তো তারা

عُدَّةً وَلَٰكِن كَرِهَ اللَّهُ انبِعَاثَهُمْ فَثَبَّطَهُمْ وَقِيلَ اقْعُدُوا مَعَ الْقَاعِدِينَ

'উদ্দাতাঁও অলা-কিন্ কারিহা ল্লা-হুম্ বি'আ-ছাহুম্ ফাছাব্বাত্বোয়াহুম্ অক্বীলাক্‌ঊদূ মা'আল্ ক্ব-'ইদীন্।

নিত, কিন্তু আল্লাহ তাদের যুদ্ধে যাওয়াকে অপছন্দ করলেন, তাই তিন সামর্থ দেননি; বলা হল, যারা বসা তাদের সাথে বসে থাক।

٤٦ لَوْ خَرَجُوا فِيكُم مَّا زَادُوكُمْ إِلَّا خَبَالًا وَلَأَوْضَعُوا خِلَالَكُمْ يَبْغُونَكُمُ

৪৭। লাও খারাজু ফীকুম্ মা-যা-দূকুম্ ইল্লা-খব-লাওঁ অলা আওদ্বোয়া'উ খিলা-লাকুম্ ইয়াব্গূনাকুমুল্

(৪৭) তোমাদের সঙ্গে বের হলে তারা তোমাদের মধ্যে বিভ্রান্তিই বাড়াত ও ফিতনাতে তৎপর হত। আর

الْفِتْنَةَ ۚ وَفِيكُمْ سَمَّاعُونَ لَهُمْ ۗ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ ٤٧ لَقَدِ ابْتَغَوُا الْفِتْنَةَ

ফিত্নাতা অফীকুম্ সাম্মা-'উনা লাহুম্; অল্লা-হু 'আলীমুম্ বিজ্জোয়া-লিমীন্। ৪৮। লাক্বদিব্তাগায়ুল্ ফিত্নাতা

তোমাদের মধ্যে তাদের গুপ্তচর আছে। আল্লাহ জালিমদের ব্যাপারে অবহিত। (৪৮) এরা পূর্বেও ফিতনা পাকিয়েছে,

مِن قَبْلُ وَقَلَّبُوا لَكَ الْأُمُورَ حَتَّىٰ جَاءَ الْحَقُّ وَظَهَرَ أَمْرُ اللَّهِ وَهُمْ

মিন্ ক্বব্লু অক্বল্লাবূ লাকাল্ উমূরা হাত্তা-জ্বায়াল্ হাক্ব্ক্বু অজোয়াহারা আম্রুল্লা-হি অহুম্

আপনার কর্ম নষ্ট করতে চেয়েছে যতক্ষণ না তাদের অনিচ্ছাসত্ত্বে সত্য এসেছে ও আল্লাহ্র আদেশ ব্যক্ত

كَارِهُونَ ٤٨ وَمِنْهُم مَّن يَقُولُ ائْذَن لِّي وَلَا تَفْتِنِّي ۚ أَلَا فِي الْفِتْنَةِ سَقَطُوا ۗ

কা-রিহূন্। ৪৯। অমিন্হুম্ মাইঁ ইয়াক্বূলু'' যাল্লী অলা-তাফ্তিন্নী; আলা-ফিল্ ফিত্নাতি সাক্বাত্বূ;

হয়েছে। (৪৯) আর তাদের মধ্যে যারা বলে, আমাদেরকে অব্যাহতি দিন,ফিতনায় ফেলবেন না; সাবধান! এরা

وَإِنَّ جَهَنَّمَ لَمُحِيطَةٌ بِالْكَافِرِينَ ٤٩ إِن تُصِبْكَ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۖ وَإِن

অইন্না জ্বাহান্নামা লামুহীত্বোয়াতুম্ বিল্কা-ফিরীন্। ৫০। ইন্ তুছিব্কা হাসানাতুন্ তা''সূহুম্ অইন্

ফিতনায় পড়েই আছে। জাহান্নাম কাফেরদেরকে ঘিরে আছে। (৫০) আপনার মঙ্গল হলে এদের কষ্ট হয়। আর আপনার

تُصِبْكَ مُصِيبَةٌ يَقُولُوا قَدْ أَخَذْنَا أَمْرَنَا مِن قَبْلُ وَيَتَوَلَّوا وَّهُمْ فَرِحُونَ ★

তুছিব্কা মুছীবাতুঁই ইয়াক্বূলূ ক্বদ্ আখায্না ~ আম্রনা-মিন্ ক্বব্লু অইয়াতাওয়াল্লাও অহুম্ ফারিহূন্।

উপর যদি কোন বিপদ আপতিত হয়, তা হলে বলে, আমরা পূর্বেই সতর্ক হয়েছি এবং তারা আনন্দে সরে পড়ে।

٥٠ قُل لَّن يُصِيبَنَا إِلَّا مَا كَتَبَ اللَّهُ لَنَا ۚ هُوَ مَوْلَانَا ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ

৫১। কুল্ লাইঁ ইয়ুছীবানা ~ ইল্লা-মা-কাতাবা ল্লা-হু লানা-, হুঅ মাওলা-না- অ'আলাল্লা-হি ফাল্ইয়াতা ওয়াক্কালিল্

(৫১) আপনি বলে দিন, আমার উপর আল্লাহ যা নির্দিষ্ট করেছেন তাই আমাদের হবে, তিনিই অভিভাবক, আল্লাহ্র উপরই

الْمُؤْمِنُونَ ٥١ قُلْ هَلْ تَرَبَّصُونَ بِنَا إِلَّا إِحْدَى الْحُسْنَيَيْنِ ۖ وَنَحْنُ ★

মু''মিনূন্। ৫২। কু্ল্ হাল্ তারাব্বাছূনা বিনা ~ ইল্লা ~ ইহ্দাল্ হুস্নাইয়াইন্; অনাহ্নু

নির্ভর করে মু'মিনরা। (৫২) বলুন, তোমরা আমাদের দুটি মঙ্গলের একটির অপেক্ষা করছ, আর আমরাও অপেক্ষায়

শানেনুযূলঃ আয়াত-৪৭ ঃ বদর প্রান্তে যুদ্ধ করার জন্য মক্কার কোরাইশরা ও কাফেররা যখন মক্কা হতে মদীনা অভিমুখে যাত্রা করল, তখন কুচকাওয়াজ ও রং বেরঙ্গের নাটকের সাজ সরঞ্জামও সঙ্গে নিয়েছিল। পথে আবু সুফিয়ানের সংবাদ বাহকের সাক্ষাত হল; সে বলল, যে কাফেলার সাহায্যের জন্য তোমাদের এ অভিযান, তারা অক্ষত অবস্থায় রাস্তা এড়িয়ে চলে এসেছে, তোমরা ফিরে চল, আবু জেহেল বলল; না, যে পর্যন্ত বদর রণাঙ্গনে জয়যুক্ত হয়ে নাট্যোৎসব পালন এবং উট জবাই করে ভোজের আয়োজন না করব ততক্ষণ ফিরব না।" সুতরাং মুসলমানদের দম্ভ করা হতে বিরত রাখার জন্য এ আয়াতটি অবতীর্ণ হয়।

نتربص بكم ان يصيبكم الله بعذاب من عنده او بايدينا ز

নাতারব্বাছু বিকুম্ আইঁ ইয়ুছীবাকুমুল্লা-হু বি'আযা-বিম্ মিন্ 'ইন্দিহী ~ আও বিআইদীনা-
থাকলাম যে, আল্লাহ তোমাদেরকে শাস্তি দিবেন। আল্লাহ্ তাঁর নিজের পক্ষ থেকে অথবা আমাদের হস্তে; অতএব

فتربصوا انا معكم متربصون ﴿٥٣﴾ قل انفقوا طوعا او كرها لن يتقبل

ফাতারব্বাছূ ~ ইন্না-মাআ'কুম্ মুতারব্বিছূন্।৫৩। কুলু আন্ফিকু ত্বোয়াও'আন আও কার্হাল্ লাইঁ ইয়ুতাকব্বালা
অপেক্ষায় থাক, আমরাও অপেক্ষায় আছি। (৫৩) বলুন, ইচ্ছায় হউক বা অনিচ্ছায় হউক তোমাদের অর্থ গৃহীত

منكم انكم كنتم قوما فسقين ﴿٥٤﴾ وما منعهم ان تقبل منهم نفقتهم

মিন্কুম্; ইন্নাকুম্ কুন্তুম্ ক্বাওমান্ ফা-সিক্বীন্।৫৪। অমা-মান'আহুম্ আন্ তুক্ববালা মিন্হুম্ নাফাক্ব-তুহুম্
হবে না; তোমরা ফাসেক সম্প্রদায়ের লোক। (৫৪) তাদের অর্থ গৃহীত না হওয়ার কারণ, তারা

الا انهم كفروا بالله وبرسوله ولا يأتون الصلوة الا وهم كسالى ولا

ইল্লা ~ আন্নাহুম্ কাফারূ বিল্লা-হি অবিরসূলিহী অলা- ইয়া"তূনাছ্ ছলা-তা ইল্লা- অহুম্ কুসা-লা- অলা-
আল্লাহ ও তাঁর রাসূল কে অস্বীকার করে, তারা নামাযে অলসতা করে, আর তার সাথে

ينفقون الا وهم كرهون ﴿٥٥﴾ فلا تعجبك اموالهم ولا اولادهم انما

ইয়ুন্ফিকূনা ইল্লা- অহুম্ কা-রিহূন্।৫৫। ফালা-তু'জিবকা আম্ওয়া-লুহুম্ অলা ~ আওলা-দুহুম্; ইন্নামা-
বিরক্তিভরে দান করে। (৫৫) তাদের ধন সম্পদ এবং তাদের সন্তান-সন্ততি আপনাকে যেন বিমুগ্ধ না করে, তা

يريد الله ليعذبهم بها في الحيوة الدنيا وتزهق انفسهم وهم كفرون *

ইয়ুরীদুল্লা-হু লিইয়ু 'আয্যিবাহুম্ বিহা- ফিল্হাইয়া-তিদ্ দুন্ইয়া-অতায্হাক্ব আন্ফুসুহুম্ অহুম্ কা-ফিরূন্।
দ্বারা যা দিয়ে আল্লাহ তাদেরকে দুনিয়ায় শাস্তি দিতে চান, আর কুফ্রী অবস্থায়ই যেন তাদের জীবন বের হয়।

﴿٥٥﴾ ويحلفون بالله انهم لمنكم وما هم منكم ولكنهم قوم يفرقون ﴿٥٦﴾ لو

৫৬। অ ইয়াহ্লিফূনা বিল্লা-হি ইন্নাহুম্ লামিন্কুম্; অমা-হুম্ মিনকুম্ অলা-কিন্নাহুম্ ক্বওমুঁই ইয়াফ্রাকূন্।৫৭। লাও
(৫৬) তারা আল্লাহ্র নামে শপথ করে বলে যে, তারা তোমাদের দলে, মূলতঃ তারা তা নয়; এরা ভীতু। (৫৭) যদি তারা পেত

يجدون ملجا او مغرت او مدخلا لولوا اليه وهم يجمحون ﴿٥٧﴾ ومنهم

ইয়াজিদূনা মাল্জায়ান্ আও মাগ-র-তিন্ আও মুদ্দাখলাল্ লাঅল্লাও ইলাইহি অহুম্ ইয়াজ্মাহূন্।৫৮। অমিন্হুম্
কোন আশ্রয়স্থান, অথবা কোন গুহা বা লুকিয়ে থাকার সামান্য স্থান, তবে তার দিকেই ক্ষিপ্রগতিতে পালাত। (৫৮) আর তাদের

আয়াত-৫৬ঃ অত্র আয়াতে আল্লাহ্ তা'আলা কাফেরদের অন্যান্য কতিপয় বদভ্যাসের বিবরণ দিচ্ছেন। তন্মধ্যে প্রথম হল, তাদের মিথ্যা শপথ করা যে, "আমরা তোমাদের দলভুক্ত।" অথচ তাদের এ শপথ ছিল সম্পূর্ণ মিথ্যা। আর দ্বিতীয় হল, তারা অন্যত্র কোন আশ্রয় স্থল পেলে তথায় চলে যাবে। শানেনুযূল ঃ আয়াত-৫৮ঃ এ আয়াতটি মুনাফিক আবুল জওয়ায সম্বন্ধে নাযিল হয়। একদা সে বলেছিল "তোমাদের নবীকে দেখ, তিনি তোমাদের সদকার মালপত্রসমূহ ছাগল-মেষ চালক রাখালদেরকে ভাগ করে দিচ্ছেন, আরও দাবী করছেন যে, তিনি ন্যায় করছেন।" আর কেউ বলল, হুনাইন যুদ্ধলব্ধ গনীমতের মাল রাসূল (ছঃ) ভাগ-বন্টনের সময় মক্কাবাসী নব-মুসলিমদের হৃদয় জয়ের লক্ষ্যে তাদেরকে অধিক পরিমাণে দিচ্ছিলেন। তখন খারেজীদের নেতা আবুল খুওয়াইসরা এসে বলল, "হে মুহাম্মদ (ছঃ)! ইনসাফ কর।" রাসূল (ছঃ) তখন ক্রুদ্ধ হয়ে বললেন, হে হতভাগ্য! আমি যদি ইন্সাফ না করি তবে কে করবে? এতে আয়াতটি নাযিল হয়।

مَنْ يَّلْمِزُكَ فِي الصَّدَقٰتِ ۚ فَاِنْ اُعْطُوْا مِنْهَا رَضُوْا وَاِنْ لَّمْ يُعْطَوْا مِنْهَآ اِذَا

মাঁই ইয়াল্‌মিযুকা ফিছ্ ছদাক্ব-তি ফাইন্ উ'ত্বূ মিন্‌হা-রাদ্বূ অইল্লাম্ ইয়ু'ত্বোয়াও মিন্‌হা ~ ইযা-

কেউ সদকা বন্টনে আপনাকে দোষারোপ করে, তারপর তা থেকে তাদেরকে কিছু দিলে রাযী, আর না দিলে

هُمْ يَسْخَطُوْنَ ﴿٥٨﴾ وَلَوْ اَنَّهُمْ رَضُوْا مَآ اٰتٰىهُمُ اللّٰهُ وَرَسُوْلُهٗ ۙ وَقَالُوْا حَسْبُنَا اللّٰهُ

হুম্ ইয়াস্‌খাত্বূন্। ৫৯। অলাও আন্নাহুম্ রাদ্বূ মা ~ আ-তা-হুমুল্লা-হু অ রসূলুহূ অ ক্ব-লূ হাস্‌বুনাল্লা-হু

বিক্ষুব্ধ হয়। (৫৯) কতই না ভাল হত যদি তারা সন্তুষ্ট থেকে বলত আল্লাহ্ই আমাদের জন্য যথেষ্ট; আল্লাহ

৭ ع ১৭ ১৩ রুকু

سَيُؤْتِيْنَا اللّٰهُ مِنْ فَضْلِهٖ وَرَسُوْلُهٗٓ ۙ اِنَّآ اِلَى اللّٰهِ رٰغِبُوْنَ ﴿٥٩﴾ اِنَّمَا الصَّدَقٰتُ

সাইয়ু"তী নাল্লা-হু মিন্ ফাদ্বলিহী অরসূলুহূ ~ ইন্না ~ ইলাল্লা-হি র-গিবূন্। ৬০। ইন্নামাছ্ ছদাক্ব-তু

আমাদেরকে স্বীয় অনুগ্রহ হতে আরো দান করবেন এবং রাসুলও; আমরা আল্লাহ্‌র প্রতি আসক্ত। (৬০) সদকা শুধু

لِلْفُقَرَآءِ وَالْمَسٰكِيْنِ وَالْعٰمِلِيْنَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوْبُهُمْ وَفِي الرِّقَابِ وَ

লিল্‌ফুক্বারা — য়ি অল্‌মাসা-কীনি অল্'আ-মিলীনা 'আলাইহা- অল্ মুআল্লাফাতি ক্বুলূবুহুম্ অফির্ রিক্ব-বি অল্

তাদের হক যারা নিঃস্ব, যারা সংশ্লিষ্ট কর্মচারী, যাদের মন জয়ের প্রয়োজন; দাসমুক্তির জন্য, ঋণগ্রস্ত

الْغٰرِمِيْنَ وَفِيْ سَبِيْلِ اللّٰهِ وَابْنِ السَّبِيْلِ ۭ فَرِيْضَةً مِّنَ اللّٰهِ ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿٦٠﴾

গ-রিমীনা অফী সাবীলিল্লা-হি অব্‌নিস্ সাবীল্; ফারীদ্বোয়াতাম্ মিনাল্লা-হ্; অল্লা-হু 'আলীমুন্ হাকীম্।

আল্লাহ্‌র পথের মুজাহিদ ও মুসাফিরদের জন্য; এটাই আল্লাহ্‌র বিধান; আল্লাহ সর্বজ্ঞ, কৌশলী।

وَمِنْهُمُ الَّذِيْنَ يُؤْذُوْنَ النَّبِيَّ وَيَقُوْلُوْنَ هُوَ اُذُنٌ ۭ قُلْ اُذُنُ خَيْرٍ لَّكُمْ ﴿٦١﴾

৬১। অ মিন্‌হুমুল্ লাযীনা ইয়ু"যূ নান্ নাবীইয়্যা অইয়াক্বূলূনা হুঅ উযুন্; ক্বুল্ উযুনু খইরিল্লাকুম্

(৬১) আর তাদের মধ্যে এমনও আছে যারা নবীকে কষ্ট দেয় ও বলে, সেতো কর্ণপাতকারী। বলুন, তিনি তোমাদের

يُؤْمِنُ بِاللّٰهِ وَيُؤْمِنُ لِلْمُؤْمِنِيْنَ وَرَحْمَةٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا مِنْكُمْ ۭ وَالَّذِيْنَ

ইয়ু"মিনু বিল্লা-হি অইয়ু"মিনু লিল্ মু"মিনীনা অরহ্‌মাতুল্ লিল্লাযীনা আ-মানূ মিন্‌কুম্; অল্লাযীনা

মঙ্গলটিই শুনেন; আল্লাহ ও মু'মিনদেরকে বিশ্বাস করেন, তোমাদের মধ্য যারা মু'মিন তাদের জন্য রহমত; আল্লাহ্‌র

يُؤْذُوْنَ رَسُوْلَ اللّٰهِ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٦٢﴾ يَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ لِيُرْضُوْكُمْ ۚ

ইয়ু"যূনা রসূলাল্লা-হি লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ৬২। ইয়াহ্‌লিফূনা বিল্লা-হি লাকুম্ লিইয়ুর্‌দ্বূকুম্

রাসূলকে কষ্টদাতাদের জন্য যন্ত্রনাদায়ক শাস্তি আছে। (৬২) তারা তোমাদের সামনে আল্লাহর নামে শপথ" করে তোমাদেরকে

তিন চতুর্থাংশ

وَاللّٰهُ وَرَسُوْلُهٗٓ اَحَقُّ اَنْ يُّرْضُوْهُ اِنْ كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٦٣﴾ اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّهٗ

অল্লা-হু অ রসূলুহূ ~ আহাক্বুক্বু আঁই ইয়ুর্‌দূহু ইন্ কা-নূ মু"মিনীন্। ৬৩। আলাম্ ইয়া'লামূ ~ আন্নাহূ

সন্তুষ্ট করার জন্য, মুমিন হলে তাদের জন্য আল্লাহ্ ও রাসূলকে খুশী করাই ছিল শ্রেয়। (৬৩) তারা কি জানে না যে, যে

مَنْ يُّحَادِدِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاَنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيْهَا ۭ ذٰلِكَ الْخِزْيُ

মাইঁ ইয়ুহা-দিদি ল্লা-হা অরসূলাহূ ফাআন্না লাহূ না-রা জ্বাহান্নামা খ-লিদান্ ফীহা-; যা-লিকাল্ খিয্ইয়ুল্

আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে তার জন্য রয়েছে জাহান্নাম। সেখানে তারা চিরদিন অবস্থান করবে। এটাই

الْعَظِيْمُ ﴿٦٤﴾ يَحْذَرُ الْمُنٰفِقُوْنَ اَنْ تُنَزَّلَ عَلَيْهِمْ سُوْرَةٌ تُنَبِّئُهُمْ بِمَا فِيْ

'আজীম্। ৬৪। ইয়াহ্যারুল্ মুনাফিক্বূনা আন্ তুনায্যালা 'আলাইহিম্ সূরাতুন্ তুনাব্বিয়ুহুম্ বিমা-ফী

বড় দুর্ভোগ। (৬৪) মুনাফিকরা ভয় পাচ্ছে না এমন সূরা অবতীর্ণ হয় যা তাদের মনের কথা ব্যক্ত করে;

قُلُوْبِهِمْ ؕ قُلِ اسْتَهْزِءُوْا ۚ اِنَّ اللّٰهَ مُخْرِجٌ مَّا تَحْذَرُوْنَ ﴿٦٥﴾ وَلَئِنْ سَاَلْتَهُمْ

ক্বু-লূবিহিম্; ক্বু-লিস্ তাহ্যিয়ূ ইন্নাল্লা-হা মুখ্রিয়ুম্ মা-তাহ্যারূন্। ৬৫। অ লায়িন্ সায়াল্তা হুম্

বলুন, তোমরা ঠাট্টা করতে থাক; নিশ্চয়ই আল্লাহ ব্যক্ত করবেন যার ভয় তোমরা কর। (৬৫) আর আপনি প্রশ্ন

لَيَقُوْلُنَّ اِنَّمَا كُنَّا نَخُوْضُ وَنَلْعَبُ ؕ قُلْ اَبِاللّٰهِ وَاٰيٰتِهٖ وَرَسُوْلِهٖ كُنْتُمْ

লাইয়াক্বু-লুন্না ইন্নামা-কুন্না-নাখুদ্বু অনাল্'আব্; ক্বু-ল্ আবিল্লা-হি অআ-ইয়া-তিহী অরসূলিহী কুন্তুম্

করলে বলবেন, আমরা তো কেবল ফুর্তি ও কৌতুক করছি। বলুন, তোমরা কি আল্লাহ, তাঁর আয়াত ও রাসূলের সঙ্গে

تَسْتَهْزِءُوْنَ ﴿٦٦﴾ لَا تَعْتَذِرُوْا قَدْ كَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ ؕ اِنْ نَّعْفُ عَنْ طَآئِفَةٍ

তাস্তাহ্যিয়ূ-ন্। ৬৬। লা-তা'তাযিরূ ক্বদ্ কাফার্তুম্ বা'দা ঈমা-নিকুম্; ইন্ না'ফু 'আন্ ত্বোয়া — য়িফাতিম্

উপহাস করছ? (৬৬) বাহানা করো না, তোমরা তো কুফুরী করেছ ঈমানের পর। তোমাদের এক দলকে ক্ষমা

٨ ع ٧ ১৪ রুকু

مِّنْكُمْ نُعَذِّبْ طَآئِفَةًۢ بِاَنَّهُمْ كَانُوْا مُجْرِمِيْنَ ﴿٦٧﴾ اَلْمُنٰفِقُوْنَ وَالْمُنٰفِقٰتُ

মিন্কুম্ নু'আয্যিব্ ত্বোয়া — য়িফাতাম্ বিআন্নাহুম্ কা-নূ মুজ্রিমীন্। ৬৭। অল্ মুনা-ফিক্বূনা অল্মুনা-ফিক্বা-তু

করলেও অন্য দলকে শাস্তি দিবই। কেননা, তারা ছিল দোষি। (৬৭) মুনাফিক নর ও নারী একে অন্যের

ওয়াক্‌ফে লাযেম

بَعْضُهُمْ مِّنْۢ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ بِالْمُنْكَرِ وَيَنْهَوْنَ عَنِ الْمَعْرُوْفِ وَيَقْبِضُوْنَ

বা'দ্বুহুম্ মিম্ বা'দ্ব; ইয়া''মুরূনা বিল্মুন্কারি অইয়ান্হাওনা 'আনিল্ মা'রূফি অইয়াক্বু্বিদ্বূনা

দোসর, অসৎকাজের নির্দেশ দেয়, সৎকাজে বাধা প্রদান করে, স্বীয় হাত বন্ধ করে, আল্লাহ্কে

اَيْدِيَهُمْ ؕ نَسُوا اللّٰهَ فَنَسِيَهُمْ ؕ اِنَّ الْمُنٰفِقِيْنَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٦٨﴾ وَعَدَ اللّٰهُ

আইদিয়াহুম্; নাসুল্লা-হা ফানাসিয়াহুম্; ইন্নাল্ মুনা-ফিক্বীনা হুমুল্ ফা-সিক্বূ-ন্। ৬৮। অ'আদাল্লা-হুল্

ভুলেছে, ফলে আল্লাহও তাদেরকে ভুলেছেন, নিশ্চয়ই মুনাফিকরা বড়ই অবাধ্য। (৬৮) মুনাফিক নর-নারী

শানেনুযূল ঃ আয়াত-৬৪ঃ কতিপয় মুনাফেক ইসলাম সম্পর্কে বিদ্রূপাত্মক উক্তি করেছিল, সাথে সাথে তাদের এ আশঙ্কাও হচ্ছিল যে, মুহাম্মদ (ছঃ) ওহীর মারফত তা জানতে পারলে বড় বিপদ হবে। কার্যতঃ তাই হল। রাসূলুল্লাহ (ছঃ) ওহীর মারফত তা জানতে পেরে জিজ্ঞাসা করলে তারা বলল, আমরা কেবলমাত্র হাসি-তামাশা করছিলাম। (বঃ কোঃ) আয়াত-৬৫ ঃ আলোচ্য আয়াত থেকে জানা যায় যে, ইসলামের ব্যাপারে ইচ্ছাপূর্বক কৌতুক বা বিদ্রূপ করা কুফুরীর মধ্যে গণ্য। আরও জানা আবশ্যক আল্লাহর প্রতি, রাসূল (ছঃ)-এর প্রতি এবং কোরআন ও তার আয়াতসমূহ নিয়ে উপহাস-এই ত্রিবিদ উপহাসই পরস্পরের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। সুতরাং এর যে কোন একটির সাথে উপহাস করলে তিনটির সঙ্গেই উপহাস করা হয় এবং তা কুফর। (বঃ কোঃ)

الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْكُفَّارَ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ هِيَ حَسْبُهُمْ ۚ

মুনা-ফিক্বীনা অল্‌মুনা-ফিক্বা-তি অল্‌কুফ্‌ফা-রা না-রা জ্বাহান্নামা খ-লিদীনা ফীহা-; হিয়া হাস্‌বুহুম্
ও কাফেরদেরকে আল্লাহ ওয়াদা দিয়েছেন জাহান্নামের, সেখানে তারা চিরদিন অবস্থান করবে। এটাই তাদের জন্য

وَلَعَنَهُمُ اللّٰهُ ۚ وَلَهُمْ عَذَابٌ مُّقِيْمٌ ﴿٦٨﴾ كَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ كَانُوْٓا اَشَدَّ

অলা'আনাহুমুল্লা-হু অলাহুম্ 'আযা-বুম্ মুক্বীম্। ৬৯। কাল্লাযীনা মিন্ ক্বব্‌লিকুম্ কা-নূ ~ আশাদ্দা
যথেষ্ট; আল্লাহ লা'নত করেছেন, তাদের জন্য স্থায়ী শাস্তি। (৬৯) তোমাদের অবস্থা পূর্ববর্তীদের ন্যায়, যারা তোমাদের

مِنْكُمْ قُوَّةً وَّاَكْثَرَ اَمْوَالًا وَّاَوْلَادًا ؕ فَاسْتَمْتَعُوْا بِخَلَاقِهِمْ فَاسْتَمْتَعْتُمْ

মিন্‌কুম্ কুওয়্যাতাঁও অআক্‌ছারা আম্‌ওয়ালাঁও অআওলা-দা-; ফাস্‌তাম্‌তা'উ বিখলা-ক্বিহিম্ ফাস্‌তাম্‌তা'তুম্
চেয়ে প্রবল ছিল, শক্তিতে ও ধন সম্পদে এবং সন্তান সন্ততিতে; অতঃপর তারা তাদের প্রাপ্য ভোগ করেছে, তোমরাও

بِخَلَاقِكُمْ كَمَا اسْتَمْتَعَ الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ بِخَلَاقِهِمْ وَخُضْتُمْ كَالَّذِيْ

বিখলা-ক্বিকুম্ কামাস্ তাম্‌তা'আল্লাযীনা মিন্ ক্বব্‌লিকুম্ বিখলা-ক্বিহিম্ অখুদ্বতুম্ কাল্লাযী
তোমাদের অংশ ভোগ করেছ; যেমন তোমাদের পূর্ববর্তীরা তাদের অংশ ভোগ করেছে। তারা যেরূপ পাপে লিপ্ত ছিল

خَاضُوْا ؕ اُولٰٓئِكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰٓئِكَ هُمُ

খ-দূ ; উলা — য়িকা হাবিত্বোয়াত্ আ'মা-লুহুম্ ফিদ্দুন্‌ইয়া- অল্ আ-খিরতি অউলা — য়িকা হুমুল্
তোমরা তাদের মত পাপকর্মে লিপ্ত হলে। আর এদের দুনিয়া ও আখিরাতের সকল নেক আমল ব্যর্থ হয়ে গিয়েছে,

الْخٰسِرُوْنَ ﴿٦٩﴾ اَلَمْ يَاْتِهِمْ نَبَاُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۙ

খ-সিরূন্। ৭০। আলাম্ ইয়া"তিহিম্ নাবায়ুল্লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ ক্বওমি নূহিঁও অ'আ-দিঁও অছামূদা
তারাই ক্ষতিগ্রস্ত। (৭০) এদের কাছে কি তাদের পূর্ববর্তীদের খবর পৌছে নি? যেমন নূহ, আ'দ, ছামূদ,

وَقَوْمِ اِبْرٰهِيْمَ وَاَصْحٰبِ مَدْيَنَ وَالْمُؤْتَفِكٰتِ ؕ اَتَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ ۚ

অক্বওমি ইব্রাহীমা অআছ্‌হা-বি মাদ্‌ইয়ানা অল্ মু"তাফিকা-ত্; আতাত্ হুম্ রসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি
ইব্রাহীমের সম্প্রদায়, এবং মাদ্‌ইয়ানবাসী ও বিধ্বস্ত নগরের কথা; স্পষ্ট প্রমাণসহ রাসুলরা এসেছেন; আল্লাহ

فَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٧٠﴾ وَالْمُؤْمِنُوْنَ

ফামা-কা-নাল্লা-হু লিইয়াজ্‌লিমাহুম্ অলা-কিন্ কা-নূ ~ আন্‌ফুসাহুম্ ইয়াজ্‌লিমূন্। ৭১। অল্‌মু"মিনূনা
এমন নন যে তিনি তাদের উপর জুলুম করেন; বরং তারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করেছে। (৭১) মু'মিন নর

আয়াত-৬৯ ঃ ইতোপূর্বে আল্লাহ তা'আলা দুনিয়াবী ভোগ-বিলাস এবং আখেরাতের প্রতি উপেক্ষা জ্ঞাপনের মধ্যে মুনাফেকদেরকে কাফেরদের সাদৃশ্য বলে উল্লেখ করেন। এখানে তাদের উভয় দলকেই নবীদের অবিশ্বাস করার মধ্যে এবং ধোকাবাজীকে একদল অপরদলের সমপর্যায়ের বলে ঘোষণা করা হয়। আয়াত-৭০ ঃ অর্থাৎ আল্লাহ তা'আলা কাফেরদেরকে ধ্বংস করে তাদের উপর কোন জুলুম করেন নি। অধিকন্তু, তিনি যদি কোন অপরাধহীন কাউকেও ধ্বংস করতেন তার অবিচার হত না। কারণ, অবিচার হয় তখন, যখন কেউ অন্যের অধিকারে বিনা অনুমতিতে হস্তক্ষেপ করে। আর এইদিকে তো সর্বত্রই আল্লাহর অধিকার, ওতে কারও কোন শরীক নেই, তিনিই একচ্ছত্রভাবে সর্বাধিনায়ক। সুতরাং এটা আল্লাহ তাআলার একমাত্র করুণা ও অনুগ্রহ যে, তিনি বিনা দোষে কাকেও শাস্তি দেন না। আর শরীয়তের অনুশাসন হিসাবে পরকালে কাকেও বিনা দোষে শাস্তি দেয়া আল্লাহর পক্ষে শোভনীয় নয় যদিও যুক্তিসম্মত বৈধ।

ওয়াক্ফে গোফরান

وَالْمُؤْمِنٰتُ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۘ يَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ

অলমু"মিনা-তু বা'দ্বুহুম্ আওলিয়া — য়ু বা'দ্ব্। ইয়া"মুরূনা বিল্মা'রূফি অইয়ান্হাওনা 'আনিল্

ও নারী একে অন্যের বন্ধু তারা সৎকাজের আদেশ দেয় এবং অসৎ কাজে নিষেধ করে,

الْمُنْكَرِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَيُطِيْعُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ

মুন্কারি অইয়ুক্বীমূনাছ্ ছলা-তা অইয়ু"তূনায্ যাকা-তা অইয়ুত্বী'উনাল্লা-হা অরাসূলাহ্;

আর নামায প্রতিষ্ঠা করে, যাকাত প্রদান করে, আল্লাহ ও রাসূলের আনুগত্য করে, এদের প্রতিই

اُولٰٓئِكَ سَيَرْحَمُهُمُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٧٢﴾ وَعَدَ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ وَ

উলা — য়িকা সাইয়ার্হামুহুমুল্লা-হ্; ইন্নাল্লা-হা 'আযীযুন্ হাকীম্ ৭২। অ'আদাল্লা-হুল্ মু"মিনীনা অল্

আল্লাহ্র রহমত অবশ্যই বর্ষিত হবে। নিশ্চয়ই আল্লাহ প্রবল প্রতাপশালী। (৭২) আর আল্লাহ মু'মিন নর-নারীকে

الْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَمَسٰكِنَ طَيِّبَةً

মু"মিনা-তি জ্বান্না-তিন্ তাজ্ব্রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু খ-লিদীনা ফীহা- অমাসা-কিনা ত্বোয়াইয়িবাতান্

ওয়াদা দিলেন জান্নাতের যার নিচ দিয়ে ঝরণা ধারা প্রবাহিত। সেখানে তারা চিরকাল অবস্থান করবে, আর

ع ৯ ৬ ১৫ রুকু

فِىْ جَنّٰتِ عَدْنٍ ؕ وَرِضْوَانٌ مِّنَ اللّٰهِ اَكْبَرُ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٧٣﴾ يٰۤاَيُّهَا

ফী জ্বান্না-তি 'আদ্ন্; অরিদ্বওয়া-নুম্ মিনাল্লা-হি আক্বার; যা-লিকা হুঅল্ ফাওযুল্ 'আজীম্।৭৩। ইয়া ~ আইয়্যুহান্

স্থায়ী জান্নাতে উত্তম সংরক্ষিত মহল; আর আল্লাহ্র সন্তুষ্টিই বড়, এটাই পরম সাফল্য। (৭৩) হে নবী!

النَّبِىُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنٰفِقِيْنَ وَاغْلُظْ عَلَيْهِمْ ؕ وَمَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ

নাবিয়্যু জ্বা-হিদিল্ কুফ্ফা-রা অল্মুনা-ফিক্বীনা অগ্লুজ 'আলাইহিম্; অমা"ওয়া-হুম্ জাহান্নাম্; অবি"সাল্

কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে যুদ্ধ করুন ও কঠোর হন, তাদের বাসস্থান জাহান্নাম, তা কতই না নিকৃষ্ট

الْمَصِيْرُ ﴿٧٤﴾ يَحْلِفُوْنَ بِاللّٰهِ مَا قَالُوْا ؕ وَلَقَدْ قَالُوْا كَلِمَةَ الْكُفْرِ وَكَفَرُوْا

মাছীর্। ৭৪। ইয়াহ্লিফূনা বিল্লা-হি মা-ক্বা-লূ; অলাক্বদ্ ক্ব-লূ কালিমাতাল্ কুফ্রি অকাফারূ

স্থান।(৭৪) তারা এরূপ কথা বলেনি বলে আল্লাহর নামে শপথ করে, অথচ তারা অবশ্যই কুফ্রী কথা বলেছে, মুসলিম

بَعْدَ اِسْلَامِهِمْ وَهَمُّوْا بِمَا لَمْ يَنَالُوْا ۚ وَمَا نَقَمُوْۤا اِلَّاۤ اَنْ اَغْنٰىهُمُ اللّٰهُ وَ

বা'দা ইস্লা-মিহিম্ অহাম্মূ বিমা-লাম্ ইয়ানা-লূ অমা-নাকামূ ~ ইল্লা ~ আন্ আগ্নাহুমুল্লা-হু অ

হওয়ার পর কাফের হয়েছে, ইচ্ছা অনুযায়ী তা পায় নি; আর তারা কেবল এ কারণে বিরোধিতা করেছে আল্লাহ ও

আয়াত-৭২ঃ মু'মিন নর-নারীরা স্বীয় ঈমান ও আ'মলের বিনিময়ে অনন্য নেয়ামত বিশিষ্ট জান্নাত লাভ করবেন। আর জান্নাতের অপরিসীম নেয়ামত অপেক্ষা শ্রেষ্ঠ নেয়ামত যা তারা প্রাপ্ত হবে তা হল আল্লাহ তায়ালার সন্তুষ্টি। এর তুলনায় অন্যান্য যাবতীয় নেয়া'মতই অতি নগণ্য। (মুঃ কোঃ) আয়াত-৭৩ ঃ এ আয়াতে কাফের ও মুনাফিক উভয় সম্প্রদায়ের সাথে জেহাদ করতে এবং তাদের ব্যাপারে কঠোর হতে রাসূলুল্লাহ (ছঃ)-কে নির্দেশ দেয়া হয়েছে। প্রকাশ্যভাবে যারা কাফের তাদের সাথে যুদ্ধ করার বিষয়টি তো সুস্পষ্ট, কিন্তু মুনাফিকদের সাথে জেহাদ করার অর্থ স্বয়ং রাসূলুল্লাহ (ছঃ)-এর কর্মধারায় প্রমাণিত হয়েছে। অর্থাৎ তাদেরকে ইসলামের সত্যতা উপলব্ধি করবার জন্য আমন্ত্রণ জানাতে হবে যেন তারা ইসলামের দাবীতে নিষ্ঠাবান হয়ে যেতে পারে। (তাফঃ মাযঃ, মাঃ কোঃ)

رَسُولُهُ مِنْ فَضْلِهِ ۚ فَإِنْ يَتُوبُوا يَكُ خَيْرًا لَهُمْ ۚ وَإِنْ يَتَوَلَّوْا يُعَذِّبْهُمُ اللَّهُ

রসূলুহূ মিন্ ফাদ্বলিহী ফাইঁ ইয়্যাতূবূ ইয়াকু খইরাল্ লাহুম্ অইঁ ইয়াতাঅল্লাওঁ ইয়ু'আয্যিব্ হুমুল্লা-হু
তাঁর রাসূল তাদেরকে স্বীয় কৃপায় বিত্তবান করেছিলেন। তারা যদি তওবা করে, তবে তাদেরই কল্যাণ হবে, আর যদি বিমুখ হয়,

عَذَابًا أَلِيمًا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ ۚ وَمَا لَهُمْ فِي الْأَرْضِ مِنْ وَلِيٍّ وَلَا

'আযা-বান্ আলীমান্ ফিদ্দুন্ইয়া- অল্ আ-খিরতি অমা-লাহুম্ ফিল্ আর্দ্বি মিঁও অলিইঁয়্যিও অলা-
তবে ইহ-পরকালে আল্লাহ তাদেরকে পীড়াদায়ক শাস্তি দেবেন, অতএব এ দুনিয়ায় তারা তাদের কোন বন্ধু ও সাহায্যকারী

نَصِيرٍ ﴿٧٥﴾ وَمِنْهُمْ مَنْ عَاهَدَ اللَّهَ لَئِنْ آتَانَا مِنْ فَضْلِهِ لَنَصَّدَّقَنَّ وَلَنَكُونَنَّ

নাছীর্। ৭৫। অমিন্হুম্ মান্ 'আ-হাদাল্লা-হা লায়িন্ আ-তা-না-মিন্ ফাদ্বলিহী লানাছ্ছোদ্দাক্বন্না অলানাকূনান্না
পাবে না। (৭৫) তাদের কেউ কেউ আল্লাহ্র সঙ্গে ওয়াদা করে যে, আল্লাহ্ নিজ অনুগ্রহে দান করলে আমরা সদকা

مِنَ الصَّالِحِينَ ﴿٧٦﴾ فَلَمَّا آتَاهُمْ مِنْ فَضْلِهِ بَخِلُوا بِهِ وَتَوَلَّوْا وَهُمْ

মিনাছ্ ছোয়া-লিহীন্। ৭৬। ফালাম্মা ~ আ-তা-হুম্ মিন্ ফাদ্বলিহী বাখিলূ বিহী অতাঅল্লাওঁ অহুম্
দিব ও সৎ হব। (৭৬) অতঃপর তিনি যখন তাদেরকে স্বীয় অনুগ্রহে দান করলেন, তখন তারা আরো অবাধ্য হয়ে অমান্য

مُعْرِضُونَ ﴿٧٧﴾ فَأَعْقَبَهُمْ نِفَاقًا فِي قُلُوبِهِمْ إِلَىٰ يَوْمِ يَلْقَوْنَهُ بِمَا أَخْلَفُوا اللَّهَ

মু'রিদূন্। ৭৭। ফাআ'ক্বাবাহুম্ নিফা-ক্বান্ ফী ক্বুলূবিহিম্ ইলা-ইয়াওমি ইয়াল্ক্বওনাহূ বিমা ~ আখ্লাফুল্লা-হা
করল। (৭৭) আল্লাহ্র সঙ্গে মিলন অবধি তাদের মনে তিনি কপটতা স্থায়ী করে দিলেন; কেননা,তারা আল্লাহ্র সাথে কৃত

مَا وَعَدُوهُ وَبِمَا كَانُوا يَكْذِبُونَ ﴿٧٨﴾ أَلَمْ يَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ سِرَّهُمْ

মা- অ'আদূহু অবিমা-কা-নূ ইয়াক্যিবূন্। ৭৮। আলাম্ ইয়া'লামূ ~ আন্নাল্লা-হা ইয়া'লামু সির্রাহুম্
ওয়াদা ভঙ্গ করেছে, এজন্য যে তারা মিথ্যাচারী। (৭৮) এটা কি তাদের জানা ছিল না যে, তাদের গোপন কথা ও

وَنَجْوَاهُمْ وَأَنَّ اللَّهَ عَلَّامُ الْغُيُوبِ ﴿٧٩﴾ الَّذِينَ يَلْمِزُونَ الْمُطَّوِّعِينَ مِنَ

অনাজ্বওয়া-হুম্ অআন্নাল্লা-হা 'আল্লা-মুল্ গুইয়ূব্। ৭৯। আল্লাযীনা ইয়াল্মিযূনাল্ মুত্ত্বোয়াওয়্যি'ঈনা মিনাল্
গোপন পরামর্শ আল্লাহ জানেন? অদৃশ্যকে আল্লাহ ভালই জানেন। (৭৯) তারা সেসব লোক যারা ঠাট্টা বিদ্রূপ করে সেসব

الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لَا يَجِدُونَ إِلَّا جُهْدَهُمْ فَيَسْخَرُونَ

মু''মিনীনা ফিছ্ ছদাক্ব-তি অল্লাযীনা লা-ইয়াজ্বিদূনা ইল্লা- জ্বুহ্দাহুম্ ফাইয়াস্খারূনা
মু'মিনদের প্রতি যারা স্বেচ্ছায় সদকা দেয়, যারা নিজ শ্রম ছাড়া কিছুই পায় না, অতঃপর যারা তাদেরকে বিদ্রূপ করে,

مِنْهُمْ ۘ سَخِرَ اللَّهُ مِنْهُمْ ۖ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٨٠﴾ اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ ۚ

মিন্হুম্; সাখিরাল্লা-হু মিন্হুম্ অলাহুম্ 'আযাবুন্ আলীম্। ৮০। ইস্তাগ্ফির্ লাহুম্ আও লা-তাস্তাগ্ফির্ লাহুম্;
আল্লাহ তাদের নিন্দা করেন, তাদের জন্য রয়েছে পীড়াদায়ক শাস্তি। (৮০) আপনার ক্ষমা প্রার্থনা করা না করা

إِن تَسْتَغْفِرْ لَهُمْ سَبْعِينَ مَرَّةً فَلَن يَغْفِرَ اللَّهُ لَهُمْ ۚ ذَٰلِكَ بِأَنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ

ইন্ তাস্তাগ্ ফির্লাহুম্ সাব্'ঈনা মাররতান্ ফালাইঁ ইয়াগ্ফিরাল্লা-হু লাহুম্; যা-লিকা বিআন্নাহুম্ কাফারূ বিল্লা-হি
উভয়ই তাদের জন্য সমান, আপনি তাদের জন্য সত্তরবার দো'আ করলেও আল্লাহ ক্ষমা করবেন না; কেননা, তারা আল্লাহ

১০ ع ৮ ১৬ রুকু

وَرَسُولِهِ ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ﴿٨١﴾ فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ

অরসূলিহ্; অল্লা-হু লা-ইয়াহ্দিল্ ক্বওমাল্ ফা-সিক্বীন্। ৮১। ফারিহাল্ মুখল্লাফূনা বিমাক্ব'আদিহিম্
ও রাসূলকে অস্বীকার করছে। আল্লাহ অবাধ্যদের হিদায়াত দেন না। (৮১) যারা পিছনে থেকে গেল তারা

خِلَافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا أَن يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي

খিলা-ফা রসূলিল্লা-হি অকারিহূ ~ আঁই ইয়ুজ্বা-হিদূ বিআম্ওয়া-লিহিম্ অআন্ফুসিহিম্ ফী
আল্লাহ্র রাসূলের বিরুদ্ধাচরণ করে আনন্দ পেল, জান-মাল দ্বারা আল্লাহ্র রাস্তায় যুদ্ধকে অপছন্দ করল

سَبِيلِ اللَّهِ وَقَالُوا لَا تَنفِرُوا فِي الْحَرِّ ۗ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا ۚ لَّوْ

সাবীলিল্লা-হি অক্বা-লূ লা-তান্ফিরূ ফিল্হার্; ক্বু-ল্ না-রু জ্বাহান্নামা আশাদ্দু হার্র-; লাও
ও বলল, তোমরা গরমের ভেতর অভিযানে বের হয়ো না। বলুন, জাহান্নামের আগুন এ অপেক্ষাও গরম, যদি

كَانُوا يَفْقَهُونَ ﴿٨٢﴾ فَلْيَضْحَكُوا قَلِيلًا وَلْيَبْكُوا كَثِيرًا جَزَاءً بِمَا كَانُوا

কা-নূ ইয়াফ্ক্বাহূন্। ৮২। ফাল্ইয়াদ্বহাকূ ক্বালীলাঁও অল্ ইয়াব্কূ কাছীরান্ জ্বাযা — য়াম্ বিমা- কা-নূ
তারা বুঝত! (৮২) সুতরাং তারা এখন সামান্য হাসুক পরে অধিক কাঁদবে, এটাই তাদের কৃতকর্মের

يَكْسِبُونَ ﴿٨٣﴾ فَإِن رَّجَعَكَ اللَّهُ إِلَىٰ طَائِفَةٍ مِّنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ

ইয়াক্সিবূন্। ৮৩। ফাইর্ রাজ্বা'আকাল্লা-হু ইলা-ত্বোয়া — য়িফাতিম্ মিন্হুম্ ফাস্ তা''যানূকা লিল্খুরূজ্বি
ফল। (৮৩) আল্লাহ আপনাকে তাদের দলের কাছে ফেরত আনল এবং তারা কোন অভিযানে বের হওয়ার জন্য অনুমতি চাইলে

فَقُل لَّن تَخْرُجُوا مَعِيَ أَبَدًا وَلَن تُقَاتِلُوا مَعِيَ عَدُوًّا ۖ إِنَّكُمْ رَضِيتُم

ফাক্বু-ল্ লান্ তাখ্রুজ্বূ মাই'ইয়া আবাদাঁও অলান্ তুক্বা-তিলূ মাই'ইয়া আদুওয়া-; ইন্নাকুম্ রাদ্বীতুম্
বলুন, তোমরা আমার সঙ্গে কখন, বের হবে না এবং আমার সঙ্গে শত্রুদের বিরুদ্ধে কখনও যুদ্ধ করবে না, প্রথমেই তোমরা তো

بِالْقُعُودِ أَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوا مَعَ الْخَالِفِينَ ﴿٨٤﴾ وَلَا تُصَلِّ عَلَىٰ أَحَدٍ مِّنْهُم

বিল্ক্বু'ঊদি আওলা মাররতিন্ ফাক্বু'ঊদূ মা'আল্ খ-লিফীন্। ৮৪। অলা-তুছোয়াল্লি 'আলা ~ আহাদিম্ মিন্হুম্
বসাকেই পছন্দ করেছ, তাই যারা পেছনে রয়েছে তাদের সাথে বসে থাক। (৮৪) তাদের মধ্যে কেউ মরলে জানাযা পড়বে না,

শানেনুযূল ঃ আয়াত-৮০ ঃ মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই যখন পীড়িত হয় তখন তার পুত্র, আবদুল্লাহ্, যে সত্যিকার মুসলমান ছিল, বলল, হে আল্লাহর রাসূল! অনুগ্রহ পূর্বক আপনি আমার পিতার মাগফিরাতের জন্য দো'আ করুন, যেন তাকে আল্লাহ ক্ষমা করেন। হুযূর (ছঃ) দো'আ করেন তখন এ আয়াত নাযিল হয়। আয়াত- ৮১ ঃ তবুক যুদ্ধে যখন মুসলমানরা রওয়ানা হতে লাগল, তখন মুনাফিকরা রসূলুল্লাহ্ (ছঃ)-এর নিকট কাকুতি-মিনতি করে অব্যাহতির অনুমতি নিয়ে সরে পড়তে লাগল, অত্যন্ত গরম পড়ছে, এমন উত্তপ্ত খরায় কেমন করে যাবে? তখন এ আয়াতটি নাযিল হয়।

مَاتَ أَبَدًا وَّلَا تَقُمْ عَلٰى قَبْرِهٖ ۭ اِنَّهُمْ كَفَرُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ وَمَاتُوْا وَهُمْ

মা-তা আবাদাঁও অলা-তাক্বুম্ 'আলা-ক্বাব্‌রিহ্; ইন্নাহুম্ কাফারূ বিল্লা-হি অরসূলিহী অমা-তূ অহুম্

তাদের কবরের পাশে দাঁড়াবে না, কেননা, তারা তো কুফরী করেছে আল্লাহ ও রাসূলের সাথে। আর তারা অবাধ্য হয়ে

فٰسِقُوْنَ ﴿٨٤﴾ وَلَا تُعْجِبْكَ اَمْوَالُهُمْ وَاَوْلَادُهُمْ ۭ اِنَّمَا يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّعَذِّبَهُمْ

ফা-সিকূন্। ৮৫। অলা-তু'জ্বিব্‌কা আম্‌ওয়া-লুহুম্ অআওলা-দুহুম্; ইন্নামা- ইয়ুরীদুল্লা-হু আঁই ইয়ু 'আয্‌যিবাহুম্

মারা গেছে। (৮৫) আর আপনাকে যেন মুগ্ধ না করে তাদের ধন সম্পদ ও সন্তানাদি। তা দ্বারা আল্লাহ তাদেরকে দুনিয়ায়

بِهَا فِي الدُّنْيَا وَتَزْهَقَ اَنْفُسُهُمْ وَهُمْ كٰفِرُوْنَ ﴿٨٥﴾ وَاِذَآ اُنْزِلَتْ سُوْرَةٌ

বিহা-ফি দ্দুন্‌ইয়া অতাযহাক্বা আন্‌ফুসুহুম্ অহুম্ কা-ফিরূন্। ৮৬। অইযা ~ উন্‌যিলাত্ সূরাতুন্

শাস্তি দিবেন, কাফের অবস্থায় তাদের প্রাণ বায়ু বের হবে। (৮৬) আর যখন নাযিল হয়, এমর্মে কোন সূরা যে,

اَنْ اٰمِنُوْا بِاللّٰهِ وَجَاهِدُوْا مَعَ رَسُوْلِهِ اسْتَاْذَنَكَ اُولُوا الطَّوْلِ مِنْهُمْ

আন্ আ-মিনূ বিল্লা-হি অজা-হিদূ মা'আ রসূলিহিস্ তা"যানাকা উলুত্ত্বোয়াওলি মিন্‌হুম্

ঈমান আন আল্লাহর প্রতি এবং রাসূলের সঙ্গি হয়ে জিহাদ কর, তখন তাদের মধ্যে সামর্থবানেরা আপনার নিকট অব্যাহতি

وَقَالُوْا ذَرْنَا نَكُنْ مَّعَ الْقٰعِدِيْنَ ﴿٨٦﴾ رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ

অক্ব-লূ যার্‌না- নাকুম্ মা'আল্ ক্ব-'ইদীন্। ৮৭। রাদূ বি আইঁ ইয়াকূনূ মা'আল্ খাওয়া-লিফি

চেয়ে বলে, আমাদের অব্যহতি দাও, আমরা বসে থাকা ব্যক্তিদের সঙ্গী হব। (৮৭) তারা নারীদের সঙ্গে পিছনে থাকতে খুশী,

وَطُبِعَ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٨٧﴾ لٰكِنِ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ

অত্বু বি'আ 'আলা- কুলূ বিহিম্ ফাহুম্ লা-ইয়াফ্ক্বাহূন্। ৮৮। লা-কিনির্ রসূলু অল্লাযীনা আ-মানূ মা'আহূ

মহর মেরে দেয়া হল তাদের অন্তরে। ফলে তারা কিছুই বুঝে না। (৮৮) কিন্তু রাসূল ও যারা ঈমান এনেছে তারা

جٰهَدُوْا بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ۭ وَاُولٰۗىِٕكَ لَهُمُ الْخَيْرٰتُ ۡ وَاُولٰۗىِٕكَ هُمُ

জ্বা-হাদূ বিআম্‌ওয়া-লিহিম্ অআন্‌ফুসিহিম্; অউলা — য়িকা লাহুমুল্ খাইর-তু অউলা — য়িকা হুমুল্

জান-মাল দিয়ে আল্লাহ্‌র পথে যুদ্ধ করেছে, তাদের জন্য রয়েছে যাবতীয় কল্যাণ, তারাই

الْمُفْلِحُوْنَ ﴿٨٨﴾ اَعَدَّ اللّٰهُ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۭ

মুফলিহূন্। ৮৯। আ'আদ্দা ল্লা-হু লাহুম্ জ্বান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খ-লিদীনা ফীহা-;

সফলকাম। (৮৯) আল্লাহ তাদের জন্য এমন বেহেশ্‌ত তৈরি করে রেখেছেন, যার নিচে ঝর্ণাধারা প্রবাহিত, সেথায় তারা স্থায়ী হবে,

শানেনুযূলঃ আয়াত-৮৪ ঃ মুনাফিক আবদুল্লাহ্ ইবনে উবাই যখন মৃত্যুবরণ করে তখন তার ছেলে হযরত আবদুল্লাহ্ রাসূল (ছঃ)-এর নিকট তাঁর পবিত্র জামা তার পিতার কাফনের জন্য চাইলেন এবং জানাযার নামায পড়াবার আবেদন জানালেন। রাহ্‌মাতুল্লিল আলামীন 'দয়াল নবী' আপন জামা দিয়ে দিলেন এবং জানাযার সময় নামায পড়াতে দণ্ডায়মান হলেন তখন ওমর (রাঃ) জোরালো ভাষায় আবেদন জানালেন, ইয়া রসূলুল্লাহ্! মুনাফিকদের জানাযার নামায না পড়াই উত্তম হবে। হুযূর (ছঃ) বললেন, হে ওমর! আল্লাহ্ তা'আলা মুনাফিকদের সম্বন্ধে সত্তরবার পর্যন্ত দোয়া কবুল না করার কথা বলেছেন। আমি ততোদিকবার দো'আ করব, হয়তো কবুল হবে। তখন এ আয়াতটি নাযিল হয়। তৎপর থেকে রাসূল (ছঃ) কোন মুনাফিকদের জানাযায় নামায পড়ান নি।

১১ ع ৯ ১৭ রুকু

ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٨٩﴾ وَجَآءَ الْمُعَذِّرُوْنَ مِنَ الْاَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ

যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম্। ৯০। অজ্বা — য়াল্ মু'আয্যিরূনা মিনাল্ আ'র-বি লিইয়ু"যানা লাহুম্

এটাই বড় সাফল্য। (৯০) আর বেদুঈনদের মধ্যে কিছু বাহানাকারী বেদুঈন অব্যাহতি নেওয়ার জন্য আসে,

وَقَعَدَ الَّذِيْنَ كَذَبُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ؕ سَيُصِيْبُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ

অ ক্বা'আদা ল্লাযীনা কাযাবুল্লা-হা অ রসূলাহূ; সাইয়ুসু বুল্লাযীনা কাফারূ মিন্‌হুম্

আর আল্লাহ ও তাঁর রাসূলকে যারা মিথ্যা বলে তারা বসে রইল; তাদের মধ্যে যারা কুফুরী করেছে, তাদের

اَلِيْمٌ ﴿٩٠﴾ لَيْسَ عَلَى الضُّعَفَآءِ وَلَا عَلَى الْمَرْضٰى وَلَا عَلَى الَّذِيْنَ لَا يَجِدُوْنَ

'আযা-বুন্ আলীম্। ৯১। লাইসা আলাদ্ব্ দ্বু'আফা —য়ি অলা-'আলাল্ মার্‌দ্বোয়া- অলা- 'আলাল্লাযীনা লা-ইয়াজ্বিদূনা

জন্য রয়েছে মর্মন্তুদ শাস্তি। (৯১) কোন অপরাধ নেই তাদের যারা দুর্বল, পীড়িত এবং যারা অর্থদানে অসমর্থ তাদের,

مَا يُنْفِقُوْنَ حَرَجٌ اِذَا نَصَحُوْا لِلّٰهِ وَرَسُوْلِهٖ ؕ مَا عَلَى الْمُحْسِنِيْنَ مِنْ سَبِيْلٍ ؕ

মা-ইয়ুন্‌ফিক্বূনা হারাজুন্ ইযা-নাছোয়াহূ লিল্লা-হি অরসূলিহ্; মা-'আলাল্ মুহ্‌সিনীনা মিন্ সাবীল্;

যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি সৎ খেয়াল রাখে; ভাল লোকদের প্রতিও কোন অভিযোগ নেই; আর

وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٩١﴾ وَّلَا عَلَى الَّذِيْنَ اِذَا مَآ اَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَآ اَجِدُ

অল্লা-হু গফূরুর্ রহীম্। ৯২। অলা-'আলাল্লাযীনা ইযা-মা ~ আতাওকা লিতাহ্‌মিলাহুম্ কুল্‌তা লা ~ আজিদু মা ~

আল্লাহ ক্ষমাশীল, দয়ালু। (৯২) আর তাদেরও কোন অপরাধ নেই যারা বাহনের জন্য আপনার নিকট এসেছিল; আপনি বলেছেন, আমার নিকট

مَآ اَحْمِلُكُمْ عَلَيْهِ ۪ تَوَلَّوْا وَّاَعْيُنُهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ حَزَنًا اَلَّا يَجِدُوْا مَا

আহ্‌লিকুম্ 'আলাইহি তাঅল্লাও অ'আইয়ুনুহুম্ তাফীদ্বু মিনাদ্ দাম্'ই হাযানান্ আল্লা- ইয়াজ্বিদূ

এমন কোন বাহন নেই যার উপর তোমরা সওয়ার হবে, তখন তারা ফিরে গেল। তারা অর্থদানে অসামর্থ হওয়ায় দুঃখে অশ্রু বিগলিত

يُنْفِقُوْنَ ﴿٩٢﴾ اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَسْتَاْذِنُوْنَكَ وَهُمْ اَغْنِيَآءُ ۚ رَضُوْا

মা-ইয়ুন্‌ফিক্বূন্। ৯৩। ইন্নামাস্ সাবীলু 'আলা ল্লাযীনা ইয়াস্ তা"যিনূনাকা অহুম্ আগ্‌নিয়া — য়ু রদ্বূ

হচ্ছিল তাদের চোখ দিয়ে। (৯৩) অভিযোগের পথ তো তাদের বিরুদ্ধে, যারা ধনী হয়েও অব্যাহতি চায় তাদের পাপ আছে,

بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ ۙ وَطَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُوْنَ ۞

বিআইঁ ইয়াকূনূ মা'আল্ খাওয়া-লিফি অ ত্বোয়াবা'আল্লা-হু 'আলা-ক্বুলূবিহিম্ ফাহুম্ লা-ইয়া'লামূন্।

তারা নারীর সঙ্গে পিছনে থাকাকে পছন্দ করে। আল্লাহ তাদের মনে মোহর মেরে দিয়েছেন, ফলে তারা কিছুই বুঝে না।

শানেনুযূল ঃ আয়াত-৯৩ঃ এখানে সেই সাতজন রোদনকারী ছাহাবীর কথা বলা হয়েছে, যারা তাবুক যুদ্ধের প্রাক্কালে মহানবী (ছঃ)-এর নিকট এসে বলল, আমরা জেহাদে অংশ গ্রহণ করতে ইচ্ছুক, তবে আমাদের কোন বাহন নেই। বাহন পেলে আমরা যুদ্ধে যাওয়ার জন্য প্রস্তুত। নবী করীম (ছঃ) বললেন, তোমাদেরকে দেয়ার মত আমার নিকটও কোন বাহন নেই। এটা শুনে তারা কাঁদতে কাঁদতে মহানবী (ছঃ)-এর মজলিশ হতে বের হয়ে গেল। হযরত আব্দুল্লাহ ইবনে আমর (রাঃ), আব্বাস (রাঃ) ও ওসমান (রাঃ) তাদেরকে বাহন ও পথের সম্বল দিয়ে সঙ্গে নিয়ে গেলেন। তাঁদের ব্যাপারে এই আয়াতটি নাযিল হয়। (মুঃ কোঃ) ২। উপরোক্ত আয়াতসমূহে সেই সকল নিষ্ঠাবান মুসলমানদের কথা আলোচনা করা হয়েছে যারা প্রকৃতপক্ষেই অপারগতার দরুন জেহাদে অংশ গ্রহণে অক্ষম ছিল। (মাঃ কোঃ, তাফঃ মাযঃ)